যদি আমাদের সঙ্গে যোগাযোগ করতে চান:

Independent Review Service
4th Floor, Centre City Podium
5 Hill Street
Birmingham. B5 4UB

ফোন:	0800 096 1926
টেক্সট ফোন::	0800 096 1929
ফ্যাক্স:	0121 606 2180
ই-মেইল:	em@irs-review.org.uk
ওয়েবসাইট:	www.irs-review.org.uk

উত্তর আয়ারল্যান্ডে সোশ্যাল ফান্ড ইন্সপেক্টরদের পর্যালোচনা সম্পর্কে পরিসংখ্যান এবং অন্যান্য তথ্যাদি নিম্নলিখিত ঠিকানা থেকে পাওয়া যাবে:

Office of the Social Fund Commissioner. Scottish Amicable Building, 11 Donegal Square South, Belfast. BT1 5JE
ফ্রী ফোন: 0808 127 0417 ফ্যাক্স: 0280 9023 0921 ই-মেইল: sfc@osfcni.org.uk
ওয়েবসাইট:www.osfcni.org.uk

সোশ্যাল ফান্ডের ব্যাপারে

একটা স্বাভাবিক নির্দেশিকা

সোশ্যাল ফান্ডের ব্যাপারে স্বতন্ত্র পর্যালোচনা সেবা

বা ইন্ডিপেন্ডেন্ট রিভিউ সার্ভিস্

INVESTOR IN PEOPLE

irs
Independent Review Service
for the Social Fund

পরিচিতি

এই নির্দেশিকায় সোশ্যাল ফান্ড বা সামাজিক অনুদান সম্পর্কে স্বাভাবিক ব্যাখ্যা রয়েছে।

সোশ্যাল ফান্ড স্কীম গ্রান্ট বা অনুদান এবং স্বদ বিহীন লোন প্রদান করে যাতে করে কম আয়ের লোকজনদের তাদের নিয়মিত আয় থেকে পূরণ করা যায় না এমন খরচগুলির ব্যাপারে সাহায্য করা যায়।

দি ইন্ডিপেন্ডেন্ট রিভিউ সার্ভিস্ (আই আর এস) হল বার্মিংহামে অবস্থিত একটা স্বাধীন স্ট্যাটুটরি সংস্থা। এটির ভূমিকা হল স্বেচ্ছামূলক সোশ্যাল ফান্ডের উপরে স্বাধীন পর্যালোচনা সম্পন্ন করা। সোশ্যাল ফান্ড ইন্সপেক্টর যিনি এই স্বাধীন পর্যালোচনা সম্পন্ন করেন তিনি মকদ্দমাটির সব পরিস্থিতির উপরে বিবেচনা করে তার নিজস্ব সিদ্ধান্ত দেন।

আই আর এস:

- আমরা পর্যালোচনা করি এমন অর্ধেকেরও বেশী সোশ্যাল ফান্ডের সিদ্ধান্ত বদল করে।
- ১২ দিনের ভিতরে গতানুগতিক সোশ্যাল ফান্ড মকদ্দমাগুলির উপরে সিদ্ধান্ত দেয়।
- ২৪ ঘন্টা কিংবা তারও কম সময়ের ভিতরে সঙ্কটপূর্ণ বা ক্রাইসিস লোনগুলির উপরে কাজ কারবার করে।

পরিশোধ বা পেমেন্টের ধরন এবং আবেদনপত্র

তিন ধরনের পেমেন্ট এবং তিন ধরনের আবেদনপত্র রয়েছে:

- কমিউনিটি কেয়ার গ্রান্ট এস এফ ৩০০
- ক্রাইসিস লোন এস এফ ৪০১
- বাজেটিং লোন এস এফ ৫০০

আবেদনপত্র পূরণ করা

আবেদনপত্রে যত বেশী সম্ভব প্রাসঙ্গিক তথ্যাদি প্রদান করার ব্যাপারে খদ্দেরদের উপদেশ দেয়ার প্রয়োজন হবে। নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত করা গুরুত্বপূর্ণ:

- প্রয়োজনের বিস্তারিত বিবরণ এবং কিভাবে এটি উত্থাপিত হয়েছে।
- তাদের ব্যক্তিগত অবস্থা।
- কিভাবে অনুরোধ করা জিনিষটি তাদের উপরে প্রভাব ফেলছে।

কমিউনিটি কেয়ার গ্রান্টস্

উপযুক্ততা

কমিউনিটি কেয়ার গ্রান্টস্ ঐ ধরনের লোকজনদের প্রদান করা যেতে পারে যারা ইনকাম সাপোর্ট কিংবা আয়-ভিত্তিক জব সিকারস্ এ্যালাউন্স কিংবা স্টেট পেনশন ক্রেডিট পাচ্ছে।

যোগ্যতা

স্পষ্ট করে বলতে গেলে, একজন খদ্দের কোন অনুদানের জন্য যোগ্য হতে পারেন যদি:

- তিনি কিংবা তার পরিবারের কোন সদস্য কেয়ার বা সেবা-পরিচর্যা ছাড়ছেন এবং নিজেকে কমিউনিটির মধ্যে প্রতিষ্ঠিত করতে চান।

- এমন একটা আবাসন যেখানে সেবা-পরিচর্যার প্রয়োজন সেখানে না গিয়ে তিনি কিংবা তার পরিবারের কোন সদস্যের তার নিজস্ব বাড়িতে অবস্থানের ব্যাপারে সাহায্যের প্রয়োজন।

- পরিবারটি ব্যতিক্রমধর্মী চাপের সম্মুখীন হচ্ছে ।

- একজন বন্দী ব্যক্তি বা কম বয়স্ক অপরাধী যে অস্থায়ী ভিত্তিতে জেলখানা থেকে ছাড়া পয়েছে তার সেবা পরিচর্যার ব্যাপারে তার সাহায্যের প্রয়োজন।

- কোন স্থায়ী জীবনের উপায় না পাওয়ার পরে একটা পরিকল্পিত রিসেটেলমেন্ট প্রোগ্রামের অংশ হিসাবে তিনি বাড়ি প্রতিষ্ঠা করছেন।

- কোন বিশেষ কারণে তার ও তার পরিবারের ভ্রমণ খরচের বিষয়ে সাহায্যের প্রয়োজন।

ক্রাইসিস লোন

দুই ধরনের ক্রাইসিস লোন রয়েছে:

- বসবাসের খরচের জন্য ক্রাইসিস লোন
- জিনিষপত্রের জন্য ক্রাইসিস লোন

উপযুক্ততা

খদ্দেরকে কোন বেনিফিট পাওয়ার প্রয়োজন নাই তবে তারা যে জন্য আবেদন করেছেন তা পূরণ করার জন্য তাদের যথেষ্ট সম্পদ নাই।

যোগ্যতা

ক্রাইসিস লোনের জন্য যোগ্য বিবেচিত হওয়ার জন্য খদ্দেরকে কিংবা তার পরিবারের কোন সদস্যকে নিম্নলিখিত খরচগুলি অবশ্যই পূরণ করার দরকার হবে:

- জরুরি অবস্থায় কিংবা আকস্মিক দুর্ঘটনার পরিণতির খরচ।
- এবং তাদের স্বাস্থ্য কিংবা নিরাপত্তার উপরে গুরুতর ক্ষতি কিংবা গুরুতর ঝুঁকি প্রতিরোধ করার জন্য এই অনুদান বা এ্যাওয়ার্ডটিই হবে একমাত্র উপায়।

বাজেটিং লোন

কোন বিশেষ শ্রেণীর প্রয়োজনীয় জিনিষপত্র কেনা কিংবা সেটির খরচ প্রদান করার বিষয়ে সাহায্যের জন্য খদ্দেরদের বাজেটিং লোন প্রদান করা যেতে পারে:

কেনার ব্যাপারে:

- ফার্নিচার এবং পারিবারিক যন্ত্রপাতি কিংবা
- কাপড় চোপড় এবং জুতা

পরিশোধ করার ব্যাপারে:

- ভ্রমণ খরচ
- অগ্রিম ভাড়া প্রদান এবং /অথবা নূতন বাড়িতে স্থানান্তরের জন্য অপসারণ বাবদ খরচ
- বাড়ির উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বাবদ খরচ
- যদি কোন খদ্দের কাজ খোঁজে কিংবা কাজে যোগদান করে থাকেন সে খরচ
- ঋণ এবং হায়ার পার্চেজ রিপেমেন্ট।

সোশ্যাল ফান্ড প্রক্রিয়া

আবেদন পত্র
(এস এফ ৩০০/এস এফ ৪০১/এস এফ ৫০০)

⬇

সিদ্ধান্ত গ্রহণকারীর সিদ্ধান্ত

⬇

১ম পর্যালোচনার ব্যাপারে অনুরোধ

⬇

ইন্টারভিউ

⬇

পর্যালোচনাকারী অফিসারের সিদ্ধান্ত

⬇

২য় পর্যালোচনার ব্যাপারে অনুরোধ

⬇

সোশ্যাল ফান্ড ইন্সপেক্টরের সিদ্ধান্ত

পর্যালোচনার ব্যাপারে অনুরোধ

উভয় পর্যালোচনার অনুরোধ অবশ্যই :

- লিখিতভাবে হতে হবে।
- সংশ্লিষ্ট জবসেন্টার প্লাস অফিসে সরবরাহ করতে হবে।
- বিশেষ ক্ষেত্রগুলির বিবরণ থাকতে হবে যার উপরে নির্ভর করে পর্যালোচনার জন্য আবেদন জানানো হয়েছে।
- যিনি আবেদন করছেন তাকে সাক্ষর করতে হবে এবং যদি কোন প্রতিনিধি জড়িত থাকে তাহলে অনুমতি থাকতে হবে।
- সিদ্ধান্ত গ্রহণের ২৮ দিনের ভিতরে জানাতে হবে, তবে দেরীতে পৌঁছার আবেদনপত্র গ্রহণ করা যেতে পারে।

খদ্দেরের সাথে আই আর এস এর পারস্পরিক কার্যকলাপ

যে ইন্সপেক্টর মকদ্দমাটি নিয়ে কাজ কারবার করছেন তিনি খদ্দেরকে পাঠাবেন:

- মকদ্দমাটির উপরে মূখ্য দলিলগুলির একটা সহজ বান্ডেল
- ইন্সপেক্টর থেকে একটা চিঠি যেটিতে নির্ধারিত থাকবে:
    - মকদ্দমাটির বিষয়ে প্রাসঙ্গিক ঘটনাগুলি
    - চূড়ান্ত বিষয়াদি যেগুলির বিস্তারিত বিবরন
    - এবং কোন প্রশ্ন যা ইন্সপেক্টরকে জিজ্ঞাসা করার দরকার হবে।

ইন্সপেক্টরের উপায়সমূহ

- সিদ্ধান্তটির বিষয়ে নিশ্চয়তা দান
- প্রথম থেকে সিদ্ধান্ত নেয়ার জন্য মকদ্দমাটির ব্যাপারে স্বপারিশ জানানো
- তার নিজের সিদ্ধান্ত দিয়ে সিদ্ধান্তটি পাল্টানো।

আই আর এস এর সঙ্গে কিভাবে যোগাযোগ করতে হবে

The Business Team
Independent Review Service
4th Floor,
Centre City Podium,
5 Hill Street,
Birmingham. B5 4UB

আপনি আমাদের **সঙ্গে যোগাযোগ** করতে পারেন **0121 606 2160** এই টেলিফোনে কিংবা **0121 606 2191** এই ফ্যাক্সে ফ্যাক্স পাঠাতে পারেন।

আপনি আমাদের ওয়েবসাইট **www.irs-review.org.uk** ভিজিট করতে পারেন কিংবা **em@irs-review.org.uk** এই ঠিকানায় ইমেইল পাঠাতে পারেন।